

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
পশ্চিম ইউরোপ ও ইউরোপীয় ইউনিয়ন অনুবিভাগ
ঢাকা

নং- ১৯.০০.০০০০.৪৫৭.৫৩.১১৭.১৭-৩৭০

তারিখঃ ১৯ অক্টোবর ২০২১

প্রাপকঃ জনাব গোকুল কৃষ্ণ ঘোষ
যুগ্ম সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

বিষয়ঃ আগামী ২৫-২৬ অক্টোবর ২০২১ তারিখে বাংলাদেশ ও ইউরোপিয়ান ইউনিয়ন-এর মধ্যে অনুষ্ঠিতব্য ৪র্থ **Diplomatic Consultations**-এ বাংলাদেশ প্রতিনিধি দলের সদস্য হিসেবে বেলজিয়াম সফরের প্রশাসনিক মঞ্জুরি।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে আগামী ২৫-২৬ অক্টোবর ২০২১ তারিখে বাংলাদেশ ও ইউরোপিয়ান ইউনিয়ন-এর মধ্যে অনুষ্ঠিতব্য ৪র্থ **Diplomatic Consultations**-এ বাংলাদেশ প্রতিনিধি দলের সদস্য হিসেবে অংশগ্রহণ করতে আপনার অনুকূলে বেলজিয়াম সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করা হইছে।

০২। উল্লিখিত মঞ্জুরির শর্তাবলি নিম্নরূপঃ

- ক) উক্ত সফরের নিমিত্ত আপনি ২৪ অক্টোবর ২০২১ তারিখ বা এর নিকটবর্তী সময়ে বেলজিয়ামের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং ২৭ অক্টোবর ২০২১ তারিখ বা এর নিকটবর্তী সময়ে ঢাকার উদ্দেশ্যে বেলজিয়াম ত্যাগ করবেন;
- খ) সফরকালীন আপনি সরকারি কাজে কর্মরত আছেন বলে গণ্য হবেন এবং বেতন-ভাতার কোনো অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না;
- গ) আপনি কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না;
- ঘ) সফরের ব্যয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের বাজেটের অর্থনৈতিক কোড '৩২৪৪১০১-ভ্রমণ ব্যয়' থেকে সংকুলান করা হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ মঞ্জুরি আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত

স্বাঃ

(সমাপন বড়ুয়া)

সহকারী সচিব

ফোনঃ ৪৭১১০৬৪৬

ইমেইলঃ saseeu@mofa.gov.bd

অনুলিপিঃ (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। চিফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২ তলা সরকারি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০২। মহাপরিচালক (প্রশাসন/পশ্চিম ইউরোপ ও ইইউ/এফএসও), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। পরিচালক (এফএমও/এসএমও/অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। দূতালয় প্রধান, বাংলাদেশ দূতাবাস, ব্রাসেলস।
- ০৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয় (পররাষ্ট্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ০৭। অফিস কপি।


19.10.2021

(সমাপন বড়ুয়া)

সহকারী সচিব